৫৭

আজকের কাগজ

তারিখ 24 APR 1993
পৃষ্ঠা ৭ কলাম ৮

# সরকার কারিগরি শিক্ষাকে আধুনিক করার ওপর জোর দিচ্ছে — প্রধানমন্ত্রী

প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়া গতকাল বলেছেন, দেশে স্ব-কর্মসংস্থানের সুযোগ সৃষ্টির লক্ষ্যে তাঁর সরকার কারিগরি শিক্ষাকে আধুনিকীকরণ এবং ব্যাপক ভিত্তিক করার বিশেষ জোর দিচ্ছে। তিনি গতকাল সন্ধ্যায় তাঁর সুগন্ধা কার্যালয়ে টেকনিক্যাল ইনস্টিটিউট এমপ্লয়ীজ এসোসিয়েশন-এর প্রতিনিধিদের সঙ্গে কথা বলছিলেন। তিনি বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা এবং গণশিক্ষা কর্মসূচি বাস্তবায়নে জনগণের মধ্যে সচেতনতা সৃষ্টিতে সহযোগিতা করার জন্যে প্রতিনিধিদের প্রতি আহ্বান জানান। খবর বাসস।